

Talking with your baby

Learning to talk is one of the most important and complex skills your child will accomplish. It seems to happen naturally, but in fact you have a very important role to play. The more you talk to your baby, the more you enable her to become a good talker and a confident, happy child.

- Talk about what you're doing throughout the day – when you're bathing or feeding your baby or changing her nappy.
- Talk about the things you see on the way to the shops, or at the supermarket. Try to talk about the things your child shows an interest in.
- Talk in the language that you know best - it doesn't have to be English.
- Look at your baby as you talk and give him time to respond to your chatter.
- Answer your baby's noises and babbles.
- Cuddle up together and read a favourite book or talk about the pictures.
- Have fun with nursery rhymes or any song, especially those with actions.
- Listen carefully and give your toddler time to finish talking.
- If your toddler says something incorrectly, say it back the right way, e.g. "Goggy bited it." "Yes, the dog bit it, didn't he."
- Try to watch TV together so you can talk about what happens.



© Posy Simmonds

আপনার বাচ্চার সঙ্গে কথা বলা

আপনার বাচ্চা যেসব অত্যন্ত জরুরী ও জটিল দক্ষতা অর্জন করতে শিখবে তাদের মধ্যে একটা হলো কথা বলতে শেখা। স্বাভাবিকভাবেই এটা ঘটে বলে মনে হয়, তবে আসলে একটা খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা আপনারও রয়েছে। আপনার বাচ্চার সঙ্গে আপনি যত বেশী কথা বলবেন, ততই আপনি তাকে সাবলীলভাবে কথা বলতে সক্ষম এবং একটি আস্থাবান, সুখী শিশুতে পরিণত করতে পারবেন।

- সারাদিন ধরে আপনারা যা যা করছেন তা নিয়ে কথা বলুন - যেমন আপনার বাচ্চাকে স্নান করানো কিংবা খাওয়ানো, অথবা তার ন্যাপী বদলানো।
- দোকানে যাওয়ার পথে, অথবা সুপারমার্কেট-এ, যা যা দেখছেন তাদের সম্পর্কে কথা বলুন। যেসব বিষয়ে আপনার বাচ্চা আগ্রহ দেখাচ্ছে সেগুলি নিয়ে কথা বলার চেষ্টা করুন।
- যে ভাষা আপনারা সবচেয়ে ভালো জানেন সেই ভাষাতেই কথা বলুন - এটা ইংরেজী ভাষাই হতে হবে এমন নয়।
- কথা বলার সময়ে আপনার বাচ্চার দিকে তাকান এবং আপনি যা বলছেন তার উত্তর দেওয়ার সময় তাকে দিন।
- আপনার বাচ্চার আধো-আধো ভাষা ও মুখের শব্দের উত্তর দিন।
- তাকে কোলের কাছে নিয়ে বসে তার প্রিয় কোন একটা বই তাকে পড়ে শোনান কিংবা বইএর ছবিগুলি নিয়ে কথা বলুন।
- নার্সারীর ছড়াগুলি অথবা যে কোন একটা গান নিয়ে মজা করুন, বিশেষ করে 'যেগুলি অঙ্গভঙ্গী করে' আবৃত্তি করা যায়।
- আপনার বাচ্চার কথাবার্তা মন দিয়ে শুনুন এবং কথা শেষ করার সময় তাকে দিন।
- আপনার বাচ্চা যদি ভুল উচ্চারণ করে কিছু বলে, সেটা আবার শুদ্ধ করে বলুন, যেমন "যেউ-যেউ কামলেছিল"। "হ্যাঁ, কুকুরটা কামড়ে দিয়েছিল, তাই না।"
- দু'জনে মিলে টিভি দেখার চেষ্টা করুন যাতে পর্দায় যা যা ঘটছে তা নিয়ে আপনারা কথা বলতে পারেন।